

লাইন ডাইরেক্টর, এইএসএম কার্যালয়ে জরুরি সভা :



আজ মঙ্গলবার, ১৬ জুলাই, ২০২৪ খ্রিষ্টাব্দ সকাল ৯.৩০ ঘটিকায় হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট অপারেশনাল প্ল্যান এর সম্মানিত লাইন ডাইরেক্টর পরবর্তী পঞ্চম সেক্টর প্রোগ্রাম(২০২৪-২০২৯) বিষয়ক একটি জরুরি সভা আহ্বান করেন। উক্ত জরুরি সভায় উপস্থিত ছিলেন হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট এর সকল প্রোগ্রাম ম্যানেজার (পিএম) এবং ডেপুটি প্রোগ্রাম (ডিপিএম) ম্যানেজার বৃন্দ। উক্ত সভায় পরবর্তী সেক্টর প্রোগ্রামের গুরুত্বপূর্ণ লক্ষ্য ও উদ্দেশ্য, সূচক, কর্মপরিকল্পনা নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভার সভাপতি (ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার ডিপিএম), সম্মানিত লাইন ডাইরেক্টর, হসপিটাল সার্ভিসেস ম্যানেজমেন্ট এই সময় উক্ত অপারেশনাল প্ল্যান এর পিএম এবং ডিপিএম বৃন্দের প্রতি গুরুত্বপূর্ণ দিকনির্দেশনা প্রদান করেন এবং ১৮ জুলাই পরবর্তী বৈঠকের সময় নির্ধারণ করেন।